



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/১১৬১

তারিখ : ১১/১২/২০২১

প্রেস বিজ্ঞপ্তি


ঢাকা ওয়াসা আয়োজন করলো 'নিম্ন আয় এলাকার আদর্শ গ্রাহকদের সন্মাননা পুরস্কার বিতরণী অনুষ্ঠান-২০২১'



১১ ডিসেম্বর, ২০২১, শনিবার, সকাল ১১:০০ ঘটিকায় ঢাকা ওয়াসা কনফারেন্স সেন্টারের বুডিগঙ্গা হলে 'নিম্ন আয় এলাকার আদর্শ গ্রাহকদের সন্মাননা পুরস্কার বিতরণী অনুষ্ঠান-২০২১' এর আয়োজন করে ঢাকা ওয়াসা। এ অনুষ্ঠানে সহযোগি সংস্থা হিসেবে ছিল ওয়াটার এইড, সাজেদা ফাউন্ডেশন, দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (ডিএসকে) ও সুইডেন সার্ভিজ, এনজিও। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী, জনাব আসাদুজ্জামান খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা ওয়াসা বোর্ডের চেয়ারম্যান ড. প্রকৌশলী গোলাম মোস্তফা এবং স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব জনাব মুহাম্মদ ইবরাহিম। আরো উপস্থিত ছিলেন জনাব হাসিন জাহান, কান্ট্রি ডিরেক্টর, ওয়াটার এইড, বাংলাদেশ। অনুষ্ঠানে

সভাপতিত্ব করেন ঢাকা ওয়াসার ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও প্রকৌশলী তাকসিম এ খান। ঢাকা ওয়াসার বাণিজ্যিক ব্যবস্থাপক প্রকৌশলী উত্তম কুমার রায় স্বাগত বক্তব্য রাখেন। উপস্থিত বক্তারা নিম্ন আয়ের মানুষের জন্য বৈধ পানির সংযোগ দেয়ায় ঢাকা ওয়াসাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি, মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী, জনাব আসাদুজ্জামান খান, তাঁর বক্তৃতায় উল্লেখ করেন যে, ২০০৮-২০০৯ সালে ঢাকা শহরে পানির জন্য হাহাকার ছিল। কলসী মিছিল/বালতি মিছিল ছিল নৈমিত্তিক ঘটনা। মাননীয় প্রধানমন্ত্রীর, শেখ হাসিনার প্রত্যক্ষ দিক নির্দেশনায় ঢাকা ওয়াসার বর্তমান ব্যবস্থাপনা পানির চাহিদা পূরণে শতভাগ সফল হয়েছে। বিগত এক বছরে তিনি পানির সংকট নিয়ে তাঁর এলাকাবাসির কাছ থেকে কোন অভিযোগ পাননি। ঢাকা ওয়াসা ও সংশ্লিষ্ট এনজিওদের আন্তরিক প্রচেষ্টায় নিম্ন আয়ের এলাকার মানুষ আজ সহজে বৈধ পানি পাচ্ছে।

ঢাকা ওয়াসা আজ দক্ষিণ এশিয়ার মধ্যে পানি সরবরাহের ক্ষেত্রে একটি রোল মডেল। এসবই বর্তমান সরকারের সফল অর্জন। পরিশেষে, তিনি এরকম একটি অনুষ্ঠান আয়োজনের জন্য ঢাকা ওয়াসা, সংশ্লিষ্ট এনজিও এবং নিম্ন আয়ের গ্রাহকবৃন্দকে ধন্যবাদ জানান। উল্লেখ্য, মোট ২৫ (পঁচিশ) জন আদর্শ গ্রাহকদের সন্মাননা পুরস্কার ও সনদ প্রদান করা হয়। অনুষ্ঠানে ঢাকা ওয়াসার উর্ধতন কর্মকর্তাবৃন্দসহ গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।


22/7/2022

এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।